পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া

**একাডেমী’র জানুয়ারি-ফেব্রুয়ারি/২০২৬ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।**

সভাপতি : ড. এ. বি. এম মাহবুব আলম
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভার তারিখ : ৩১ মার্চ ২০২৬

সভার সময় : বিকাল ০৩:০০ ঘটিকা

স্থান : আইডব্লিউএম সম্মেলন কক্ষ

উপস্থিতি : উপস্থিতির তালিকা "পরিশিষ্ট-ক" সংযুক্ত

২.০ সভাপতি মহোদয় সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি কার্যপত্রের আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য পরিচালক (প্রশাসন)-কে আহবান জানান। তিনি পূর্ববর্তী সমন্বয় সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতিসহ অন্যান্য আলোচ্য বিষয়সমূহ পর্যায়ক্রমে সভায় উপস্থাপন করেন।

৩.০ ডিসেম্বর/২০২৫ মাসের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণীর বিষয়ে কোন সংশোধনী না থাকায় সভায় উক্ত কার্যবিবরণী অনুমোদনপূর্বক দৃঢ়ীকরণ করা হয়।

৪.০ সভায় উপস্থিত কর্মকর্তাগণ গত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদনসহ একাডেমী’র সার্বিক কার্যক্রমের অগ্রগতি উপস্থাপন করেন। অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪.১ | আরডিএ কর্তৃক সফলভাবে পরিচালিত গবেষণায় প্রাপ্ত ফলাফল ওয়েবসাইট-এ নিয়মিতভাবে প্রকাশ। | আরডিএ কর্তৃক সফলভাবে পরিচালিত গবেষণায় প্রাপ্ত ফলাফল ও ২০২০ সাল পর্যন্ত গবেষণাসমূহের অ্যাবস্ট্রাক্ট ওয়েবসাইটে প্রকাশ করা আছে এবং ২০২০ পরবর্তী যে সমস্ত প্রকাশনাগুলো হয়েছে সেগুলি ওরেয়বসাইটে আপলোড করার বিষয়ে সভায় আলোচনা করা হয় এবং একাডেমী’র গবেষকদের বাইরে থেকে প্রকাশিত সকল গবেষণালব্ধ ফলাফল আরডিএ ওয়েবসাইটে প্রকাশ করার বিষয়েও সভায় আলোচনা করা হয়। | (ক) গবেষণা প্রবন্ধগুলো প্রকাশনার সময় অনুযায়ী বছরভিত্তিক আপলোড করতে হবে এবং একটি মাত্র তালিকায় একাডেমী’র অর্থায়নে পরিচালিত গবেষণা প্রবন্ধগুলো প্রকাশ করতে হবে।<br>(খ) একাডেমী’র অর্থায়ন বহির্ভূত অনুষদ সদস্যবৃন্দের প্রকাশিত গবেষণা ও প্রবন্ধের শিরোনামসহ সারাংশ অন্য আরেকটি তালিকায় প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়। | গবেষণা ও মূল্যায়ন বিভাগ। |
| ৪.২ | ৫১তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুসরণে সাফল্যজনকভাবে দারিদ্র্য বিমোচনকারী দেশগুলো থেকে পল্লী উন্নয়ন বিষয়ক ধারণা পাওয়ার জন্য একটি আন্তর্জাতিক সেমিনার আয়োজন। | ৫১তম বোর্ড সভার সিদ্ধান্ত অনুসরণে সাফল্যজনকভাবে দারিদ্র্য বিমোচনকারী দেশগুলো থেকে পল্লী উন্নয়ন বিষয়ক ধারণা পাওয়ার জন্য একটি আন্তর্জাতিক সেমিনার/ওয়ার্কশপ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা হয়। | (ক) কৌশলপত্র অনুযায়ী ওয়ার্কশপের বিষয়বস্তু ঠিক করে আয়োজনের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | পরিচালক (প্রশিক্ষণ)/সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৩ | আরডিএ’র কৌশলপত্র হালনাগাদ বিষয়ক। | আরডিএ’র কৌশলপত্র হালনাগাদ বিষয়ে সভায় আলোচনা করা হয়। আরডিএ’র কৌশলপত্র হালনাগাদ করার নিমিত্ত একটি কমিটি গঠন করা হয়েছে। | গঠিত কমিটি কৌশলপত্র হালনাগদ করে মহাপরিচালক বরাবর উপস্থাপন করবে। | সংশ্লিষ্ট কমিটি |
| ৪.৪ | নতুন ০৬(ছয়) টি প্রকল্প অনুমোদন ও একটি নতুন প্রকল্প প্রণয়ন বিষয়ক। | (ক) আরডিএ উদ্ভাবিত গ্রামীন নারীর বীজ ব্যবসা মডেল সম্প্রসারণের মাধ্যমে টেকসই জীবিকায়ন ও নারীর ক্ষমতায়ন প্রকল্প | (ক) প্রকল্পগুলো অনুমোদনের জন্য যোগাযোগ অব্যাহত রাখা এবং প্রয়োজনীয় সকল ব্যবস্থা গ্রহণের জন্য সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ)/ |

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (খ) টেকসই জাত উন্নয়নের লক্ষ্যে কমিউনিটি ভিত্তিক গবাদিপ্রাণি পালন ও সুষম খাদ্য ব্যবস্থাপনা এবং দুগ্ধ প্রক্রিয়াজাতকরণের মাধ্যমে গ্রামীণ জনগোষ্ঠীর আর্থ-সামাজিক উন্নয়ন প্রকল্প।<br>(গ) আরডিএ, বগুড়া'র অবকাঠামো শক্তিশালীকরণের মাধ্যমে সক্ষমতা বৃদ্ধি শীর্ষক প্রকল্প ০৩টি অর্থ মন্ত্রণালয়ের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।<br>(ঘ) পুষ্টি-সংবেদনশীল জলবায়ু সহিষ্ণু কৃষি প্রযুক্তির মাধ্যমে চরাঞ্চলে বসবাসকারী জনগোষ্ঠীর খাদ্য নিরাপত্তা ও জীবনমান উন্নয়ন (লাইফ) প্রকল্পটি অর্থনৈতিক সম্পর্ক বিভাগের অনুমোদনের অপেক্ষায় রয়েছে।<br>(ঙ) বালুচরে শস্য উৎপাদন বৃদ্ধির মাধ্যমে টেকসই সেচ ও কৃষি প্রযুক্তির সম্প্রসারণ করে নদী বিস্তৃত এলাকার মানুষের জীবনমান উন্নয়ন প্রকল্পটি ২০২৫-২৬ অর্থ বছরের এডিপিতে বরাদ্দবিহীন অননুমোদিত নতুন প্রকল্প তালিকায় অন্তর্ভুক্তির অপেক্ষায় রয়েছে।<br>(চ) জলবায়ু সহনশীল স্মার্ট মৌচাষ ও মৌমাছি ভিত্তিক জীবিকা উন্নয়ন বিষয়ক গবেষণা প্রকল্প। বর্তমানে এটি BCCTF এ প্রেরিত হয়েছে। (বাংলাদেশ ক্লাইমেট চেঞ্জ ট্রাস্ট ফান্ড) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালযের অধীনস্থ একটি সংস্থা।<br>সভায় সৌরশক্তি নির্ভর সড়ক বাতি স্থাপন বিষয়ক প্রকল্প প্রণয়নের বিষয়ে আলোচনা করা হয়। | (খ) সৌরশক্তি নির্ভর সড়ক বাতি স্থাপন এবং সৌর শক্তি নির্ভর আরও কম্পোনেন্টযুক্ত করে একটি পুর্নাঙ্গ প্রকল্প প্রস্তাবনা প্রণয়নের সিদ্ধান্ত গৃহীত হয়। প্রকল্প পরিকল্পনা ও পরিবীক্ষণ বিভাগ জনাব মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক ও ড. মোঃ আবিদ হোসেন মৃধা, যুগ্মপরিচালক এর সহযোগিতায় প্রকল্পটি প্রণয়ন করবে।<br>(গ) প্রকল্পগুলো অনুমোদনের জন্য জোর পদক্ষেপ গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | জনাব মোঃ ফেরদৌস হোসেন খান, পরিচালক/ড. মোঃ আবিদ হোসেন মৃধা, যুগ্মপরিচালক |
| ৪.৫ | একাডেমীর অডিট আপত্তিসমূহ (রাজস্ব ও প্রকল্প) নিস্পত্তি বিষয়ক। | একাডেমীর অডিট আপত্তিসমূহ (রাজস্ব ও প্রকল্প) নিস্পত্তির বিষয়ে সভায় আলোচনা হয়। | অডিট আপত্তি নিস্পত্তির লক্ষ্যে একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়।<br>কমিটি:<br>**ক) জনাব মোঃ মহিউদ্দিন, যুগ্মপরিচালক**<br>**খ) জনাব শ্যামল চন্দ্র হাওলাদার, উপপরিচালক**<br>**গ) হিসাব রক্ষণ কর্মকর্তা** | প্রশাসন বিভাগ |
| ৪.৬ | জিপিএমএস/জিআরএস/এনআইএস/ই-গভর্নেন্স/সিটিজেন | জিপিএমএস/জিআরএস/এনআইএস/ই-গভর্নেন্স/সিটিজেন চার্টার/আরটিআই এর বিষয়ে সভায় | (ক) সিটিজেন চার্টার আপডেট করতে হবে;<br>খ) কোন অভিযোগ জিআরএস এর | সংশ্লিষ্ট টীম লিডার/ফোকাল পার্সন |

| ক্র:নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | চার্টার/আরটিআই বিষয়ক। | আলোচনা হয়। | বিধির মধ্যে না পড়লে তা আমলে না নেয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ৪.৭ | আরডিএ জার্নাল নিয়মিত প্রকাশ বিষয়ে সভায় আলোচনা। | আরডিএ জার্নাল নিয়মিত প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয় এছাড়াও জার্নালে আরডিএ, বগুড়া'র কর্মকর্তাদের জার্নালে নিয়মিত লেখা জমা দিতে উদ্বুদ্ধ করা হয়। | জার্নাল নিয়মিত প্রকাশ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | আহবায়ক/জার্নাল কমিটি |
| ৪.৮ | আরডিএ নিউজলেটার নিয়মিত প্রকাশ বিষয়ে সভায় আলোচনা। | আরডিএ নিউজলেটার নিয়মিত অনলাইনে প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। নিউজলেটারে একাডেমীর সকল কার্যক্রম যেমন গবেষণা, প্রায়োগিক গবেষেণা, প্রশিক্ষণ, পরামর্শ সেবা, সাইট পরিদর্শন ইত্যাদি প্রকাশের বিষয়ে সভায় আলোচনা হয়। | আরডিএ নিউজলেটার নিয়মিত অনলাইনে প্রকাশের ধারা অব্যাহত রাখতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | আহবায়ক/ নিউজলেটার কমিটি |
| ৪.৯ | ইকো-ট্যুরিজম বিষয়ক আলোচনা। | বর্তমানে আরডিএ'তে বিদ্যমান ইকো-ট্যুরিজমের কম্পোনেন্টসমূহ দর্শণার্থীদের নিকট উপস্থাপনযোগ্য এবং বিভিন্ন প্রতিষ্ঠান আরডিএ'তে পল্লী পর্যটনের অধীনে শিক্ষা সফর ও পরিদর্শন সম্পন্ন করছে। পল্লী পর্যটন খসড়া নীতিমালা প্রস্তুত করা হয়েছে এবং মহাপরিচালক মহোদয়ের নিকট দাখিল করা হয়েছে। ফোকাল পয়েন্ট কর্মকর্তা জানান যে, আগামী ০৫ এপ্রিল ২০২৬ তারিখে বাংলাদেশ পর্যটন বোর্ডের সাথে আরডিএ'র সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের সম্ভাব্য তারিখ নির্ধারণ করা হয়েছে। | (ক) বাংলাদেশ ট্যুরিজম বোর্ডের সাথে আরডিএ'র সমঝোতা স্মারক (MoU) স্বাক্ষরের কার্যক্রম সম্পন্ন করতে হবে;<br>(খ) ইকো-টুরিজম কার্যক্রম এর সাথে প্রশিক্ষণ বিভাগের সমন্বয় করতে হবে। | জনাব মাকছুদ আলম খান, ফোকাল পার্সন (ইকো-ট্যুরিজম)/পরিচালক (প্রশিক্ষণ) |
| ৪.১০ | অকেজো যানবাহন নিলামের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ক। | অকেজো যানবাহন নিলামের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে সভায় আলোচনা হয়। | কমিটি নূন্যতম সময়ের মধ্যে নিলাম কার্যক্রম সম্পন্ন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটি |
| ৪.১১ | একাডেমী'র অকেজো মালামাল ও যন্ত্রপাতি (যানবাহন ব্যতীত) নিলামের জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ বিষয়ক। | একাডেমী'র অকেজো মালামাল ও যন্ত্রপাতি (যানবাহন ব্যতীত) নিলামে বিক্রির জন্য একটি কমিটি গঠন করা হয়েছে। | কমিটি নূন্যতম সময়ের মধ্যে নিলাম কার্যক্রম সম্পন্ন করবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | সংশ্লিষ্ট কমিটি |
| ৪.১২ | আরডি'র নিজস্ব মুদ্রণ নীতিমালা বিষয়ক। | আরডি'র নিজস্ব মুদ্রণ নীতিমালা চূড়ান্তকরনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | মুদ্রণ নীতিমালা চূড়ান্ত করে বোর্ড সভায় উপস্থাপন করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | পরিচালক (প্রশাসন) |
| ৪.১৩ | সকল মামলার অগ্রগতি বিষয়ক। | সকল মামলার অগ্রগতি এবং মামলায় নিয়োজিত বিজ্ঞ আইনজীবীর সাথে নিয়মিত যোগাযোগ রাখার বিষয়ে সভায় আলোচনা হয়। | মামলাগুলো নিষ্পত্তির লক্ষ্যে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। | প্রশাসন বিভাগ |

**৫.০ বিবিধঃ**

(ক) আরডিএ, বগুড়া'র বিভিন্ন বিভাগ ও ইউনিটসহ সামগ্রিকভাবে সকল ক্রয় কার্যক্রম ক্রয় বিধিমালা, আইনসহ অন্যান্য প্রযোজ্য নিয়ম অনুসরণের বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।

(খ) হোস্টেলগুলোতে পানি সমস্যা দুরীকরণে প্রয়োজনীয় সংখ্যক Reverse Osmosis (RO) Syestem স্থাপনের সিদ্ধান্ত গৃহীত হয়। কমিটিঃ i) ড. মোহাম্মদ আবিদ হোসেন মৃধা, যুগ্মপরিচালক; ii) জনাব শেখ শাহরিয়ার মোহাম্মদ, যুগ্মপরিচালক; iii) জনাব মোঃ আব্দুল্লাহ আলআমিন, সহকারী পরিচালক (প্রশাসন);

(গ) Reverse Osmosis (RO) Syestem স্থাপনের টেন্ডার প্রক্রিয়া শুরু করার পূর্বে উপপরিচালক মনিরুল ইসলাম কর্তৃক প্রস্তাবিত চায়না কোম্পনির সাথে যোগাযোগ করা হবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়;

(ঘ) এপ্রিল ২০২৬ মাসের ১ম সপ্তাহে বার্ষিক গোপনীয় প্রতিবেদন (ACR) বিষয়ক একটি ০১ (এক) দিনের কর্মশালা আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হয়;

(ঙ) সমন্বয় সভার কার্যবিবরণী অনুযায়ী অগ্রগতি প্রতিবেদন পরবর্তী সভার ০৩(তিন) দিন পূর্বেই সংশ্লিষ্ট কর্মকর্তাগণ মহাপরিচালক বরাবর দাখিল করবেন;

(চ) অতিশীঘ্র আরডিএ'র কর্মকর্তাদের সঞ্জীবনী প্রশিক্ষণ কোর্সের আয়োজন করতে হবে। সঞ্জীবনী প্রশিক্ষণ অতিদ্রুত আয়োজন করতে পরিচালক (প্রশিক্ষণ) কে অনুরোধ করা হয়;

(ছ) প্রশিক্ষণ বিভাগের নতুন ফোল্ডার তৈরী করতে কমিটি গঠন করা হয়। কমিটি: i) অতিরিক্ত মহাপরিচালক; ii) পরিচালক (প্রশাসন); iii) পরিচালক (কৃষি বিজ্ঞান); iv) পরিচালক (প্রশিক্ষণ); v) পরিচালক (পল্লী প্রশাসন ও জেন্ডার);

সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২/৪/২০২৬
(ড. এ. বি. এম মাহবুব আলম)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

স্মারক নম্বর: ৪৭.৬৪.১০৮৮.০১৫.০৬.০৬৮.২০/ ৩৫২

তারিখ: ১৯ চৈত্র ১৪৩২ / ০২ এপ্রিল ২০২৬

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১) পরিচালক (সকল)............................................................, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
২) প্রকল্প পরিচালক (সকল)......................................................, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
৩) যুগ্মপরিচালক (সকল)........................................................., পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
৪) উপপরিচালক (সকল)..........................................................., পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
৫) আইটি ইনচার্জ, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া। (ওয়েবসাইটে আপলোড করার অনুরোধসহ);
৬) হিসাব রক্ষণ কর্মকর্তা, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
৭) লাইব্রেরীয়ান, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
৮) সহকারী পরিচালক (সকল)..................................................., পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
৯) সহকারী প্রকৌশলী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া;
১০) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (মহোদয়ের সদয় অবগতির জন্য);
১১) অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, পল্লী উন্নয়ন একাডেমী, বগুড়া (মহোদয়ের সদয় অবগতির জন্য) এবং
১২) অফিস কপি।

০২/০৪/২০২৬
**(শ্যামল চন্দ্র হাওলাদার)**
**উপপরিচালক (প্রশাসন)**